

অধিদপ্তর/ দপ্তরের নাম: যুব উন্নয়ন অধিদপ্তর
মন্ত্রণালয়/বিভাগের নাম: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১। অফিস পোফাইল

ক) একনজরে অফিস

প্রতিষ্ঠানের নাম	বাংলা	যুব উন্নয়ন অধিদপ্তর		
	ইংরেজি	Department Of Youth Devevelopment		
	সংক্ষিপ্ত	DYD		
অফিস প্রধানের পদবি	মহাপরিচালক	নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	
অফিসের সংখ্যা	মোট ৬৪টি জেলা অফিস ৪৯৭ টি (১০টি মেট্রোপলিটন থানা ইউনিট সহ) উপজেলা অফিস			
জনবল	৫৩৬৫			
অফিসের ঠিকানা	প্রধান কার্যালয়- মহাপরিচালকের কার্যালয়, ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা। অন্যান্য অফিস জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত।			
যোগাযোগ (ই-মেইল, ফোন, ফ্যাক্স)	ফোন : +৮৮ ০২ ৯৭৭৯৩৩৯ ফ্যাক্স- +৮৮ ০২ ৯৭৮৭৫০০ ই-মেইল- dydydha@gmail.com			
যাতায়াতের বর্ণনা	প্রধান কার্যালয় -১০৮, মতিঝিল, ঢাকা এবং জেলা ও উপজেলা পর্যায়ে অফিস অবস্থিত			

খ) অফিসের ভিশন ও মিশন : ১. ভিশনঃ বাংলাদেশের উন্নয়ন ও গৌরব বৃদ্ধিতে সক্ষম, নৈতিক ও মানবিক মূল্যবোধসম্পন্ন আধুনিক জীবন মনস্ক যুব সমাজ।

২. মিশনঃ জীবনের সর্বক্ষেত্রে যুবদের প্রতিষ্ঠার লক্ষ্যে তাদের প্রতিভার বিকাশ ও ক্ষমতায়ন নিশ্চিত করা।

গ) অফিসের পরিচিতি ও ছবি (অনধিক ২০০ শব্দ)

যুবসমাজ যে কোন দেশের মূল্যবান সম্পদ। জাতীয় উন্নয়ন অগ্রগতি যুবসমাজের সক্রিয় অংশগ্রহণের ওপর অনেকাংশেই নির্ভরশীল। যুবসমাজের মেধা, সৃজনশীলতা, সাহস ও প্রতিভাকে কেন্দ্র করেই গড়ে উঠে একটি জাতির অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক পরিমন্ডল। পৃথিবীর অন্যান্য দেশের মতো বাংলাদেশেও যুবসমাজ জাতির ভবিষ্যৎ কর্ণধার ও নীতিনির্ধারক। জনসংখ্যার সবচেয়ে প্রতিশ্রুতিশীল ও উৎপাদনমুখী অংশ হচ্ছে যুবগোষ্ঠী। দেশের অসংগঠিত, কর্মপ্রত্যাশী এই যুবগোষ্ঠীকে সুসংগঠিত, সুশৃঙ্খল এবং দক্ষ মানবসম্পদে পরিণত করার মাধ্যমে উৎপাদনমুখী শক্তিতে রূপান্তরের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন যুব উন্নয়ন অধিদপ্তর নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। জাতীয় যুবনীতি অনুসারে বাংলাদেশের ১৮-৩৫ বছর বয়সি জনগোষ্ঠীকে যুব হিসাবে অভিহিত করা হয়। এ বয়সসীমার জনসংখ্যা দেশের মোট জনসংখ্যার প্রায় এক-তৃতীয়াংশ, যা আনুমানিক প্রায় ৫ কোটি। জনমিতিক এ লভ্যাংশকে দেশের কাঙ্ক্ষিত উন্নয়ন তথা রূপকল্প ২০২১ ও ২০৪১ এবং ডেলটা পরিকল্পনা বাস্তবায়নে সঠিক ও যথাযথভাবে সম্পৃক্তকরণ বিশেষ গুরুত্বপূর্ণ। শ্রমশক্তির যোগান ও সংখ্যার বিবেচনায়ও আমাদের দেশের উন্নয়নের জন্য যুবসমাজের সম্পৃক্ততা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সুতরাং দেশের জনসংখ্যার সম্ভাবনাময়, আত্মপ্রত্যয়ী, সৃজনশীল ও উৎপাদনক্ষম এ অংশকে জাতীয় উন্নয়নের মূল ধারায় অবদান রাখার জন্য তাদের মাঝে গঠনমূলক মানসিকতা ও দায়িত্ববোধ জাগ্রত করে সুশৃঙ্খল কর্মীবাহিনী হিসেবে দেশের আর্থ-সামাজিক কর্মকাণ্ডে নিয়োজিত করার অনুকূল ক্ষেত্র তৈরির উদ্দেশ্যে যুব উন্নয়ন অধিদপ্তর প্রতিষ্ঠালগ্ন থেকেই বাস্তবভিত্তিক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে।

বেকার যুবদের উন্নয়নের মূল ধারায় সম্পৃক্ত করে দেশ গঠনে তাদের অংশগ্রহণ বাড়াতে এবং ক্ষমতায়নের লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদে রূপান্তর করা হয় এবং প্রশিক্ষণ পরবর্তী আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণকারীদের মাঝে ঋণ প্রদান করা হয়।




এছাড়া কমিউনিটি উন্নয়নে যুবদের সম্পৃক্ত করার জন্য যুবসংগঠন তৈরি, যুবসংগঠনের মাধ্যমে কমিউনিটি উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নের ব্যবস্থায় যুব সংগঠন রেজিস্ট্রেশন প্রদান করা এবং ভাল কাজের জন্য অনুদান প্রদান করা হয়। ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে উচ্চ মাধ্যমিক পাশ বেকার যুবদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের পর ২ বছরের জন্য নির্ধারিত বেতনভিত্তিক অস্থায়ী কর্মসংস্থান দেয়া হচ্ছে। কর্মসংস্থান শেষে তাদের বেতন হতে সঞ্চিত পঞ্চাশ হাজার টাকা নগদ দেয়া হচ্ছে, যাতে করে তারা প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে একটি আত্মকর্মসংস্থানমূলক আয়বর্ধক কাজ হাতে নিতে পারে। যুব উন্নয়ন অধিদপ্তরের প্রচেষ্টায় ইতোমধ্যে প্রায় ৫৬.৬৬ লক্ষ যুব প্রশিক্ষণ গ্রহণ করেছেন, যাদের অনেকেই দেশে ও বিদেশে সম্মানজনক সামাজিক অবস্থান করে নিতে সক্ষমতা অর্জন করেছেন।

কর্মপ্রত্যাশী অনুৎপাদনশীল যুবসমাজকে সুসংগঠিত, সুশৃঙ্খল ও উৎপাদনমুখী শক্তিতে রূপান্তরের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৮ সালে যুব উন্নয়ন মন্ত্রণালয় সৃষ্টি করে, যা পরবর্তীতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হিসেবে পুনঃনামকরণ করা হয়। মাঠ পর্যায়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কার্যক্রম বাস্তবায়নের জন্য ১৯৮১ সালে যুব উন্নয়ন অধিদপ্তর সৃষ্টি করা হয়।

১.৩ অধিদপ্তরের - অর্গানোগ্রাম

যুব উন্নয়ন অধিদপ্তর জনবল:০৪
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহাপরিচালক
 সাংগঠনিক কাঠামো সচিবালয়
 ড্রাইভার
 অফিস সহায়ক

৩



৬) সেবার তালিকা

ক্রম	সেবা নাম	সেবাপ্রাপ্তির পর্যায় (মন্ত্রণালয়/অধিদপ্তর/আঞ্চলিক)
১	বেকার যুবদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ	সকল উপজেলা ও জেলা
২	প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের আত্মকর্মী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ঋণ প্রদান	সকল উপজেলা
৩	যুব সংগঠন রেজিস্ট্রেশন	সকল উপজেলা ও জেলা
৪	জাতীয় যুব পুরস্কার প্রদান	অধিদপ্তর
৫	যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান	অধিদপ্তর ও মন্ত্রণালয়
৬	ন্যাশনাল সার্ভিস কর্মসূচি	নির্ধারিত উপজেলা

২। সেবা প্রোফাইল

ক) সেবার নাম: প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের আত্মকর্মী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ঋণ প্রদান

খ) সেবাটি সহজিকরণের যৌক্তিকতা :

১) যুবঋণের জন্য দুইবার আবেদন করকত হয়। প্রাথমিকভাবে সাদা কাগজে ও পরবর্তীতে মূল ফরমে আবেদন করতে হয়।

২) ঋণের মূল আবেদন ফরম দীর্ঘ ও জটিল।

৩) ঋণ প্রক্রিয়া শেষ করতে দীর্ঘ সময় প্রয়োজন হয়।

গ) সেবাপ্রাপ্তির মৌলিক তথ্যাদি

	বিষয়	তথ্যাদি
১	সেবা প্রদানকারী অফিস	উপজেলা ও জেলা পর্যায়ের অফিস, যুব উন্নয়ন অধিদপ্তর
২	সেবার সংক্ষিপ্ত বিবরণ	প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের আত্মকর্মী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ঋণ প্রদান
৩	বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা	৩৮,০০০-৪০,০০০ জন
৪	সেবাপ্রাপ্তির শর্তাবলি	ক. সেবা প্রত্যাশীকে যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। খ. সেবা প্রত্যাশীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। গ. প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ে পরীক্ষামূলক প্রকল্প/কাজ থাকতে হবে। একজন নিশ্চয়তাকারী প্রয়োজন হয়। চেক গ্রহণের পূর্বে আবেদনকারী এবং নিশ্চয়তাকারীকে ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে (নিজ খরচে) চুক্তিবদ্ধ হতে হবে। ঘ. প্রকল্পটিকে টেকসই করার লক্ষ্যে মঞ্জুরীকৃত ঋণের ৫% অগ্রিম সঞ্চয় হিসেবে জমা করতে হবে (ঋণ পরিশোধ শেষে উক্ত ৫% অর্থ ঋণ গ্রহীতাদের ফেরৎ প্রদান করা হয়)।
৫	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী	উপপরিচালক, সহকারী পরিচালক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সি এস, উচ্চমান সহকারী, অফিস সহকারী, ডাটা এন্ট্রি অপারেটর।
৬	সেবাপ্রাপ্তির সময়	২০-২২ দিন

৭	সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র	<p>ক. প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারীকে ঋণ পাওয়ার জন্য ২০/- টাকার বিনিময়ে নির্ধারিত আবেদনফরম ফ্রয়পূর্বক আবেদন করতে হয়।</p> <p>খ. আবেদনকারীর ৩ কপি ও নিশ্চয়তাকারীর ২ কপি ছবি।</p> <p>গ. জাতীয় পরিচয়পত্র বা নাগরিকত্ব সনদপত্র বা জন্মনিবন্ধন সনদের কপি।</p> <p>ঘ. প্রশিক্ষণের মূল সনদপত্র।</p> <p>ঙ. নিশ্চয়তাকারীর নিশ্চয়তার সমর্থনে স্থাবর সম্পত্তির দলিল,পর্চা,হালনাগাদ খাজনা রশিদ / চাকুরিজীবী নিশ্চয়তাকারীর ঘোষণাপত্র।</p> <p>চ. জেলা বা উপজেলা ঋণ কমিটি কর্তৃক ঋণ মঞ্জুরের পর আবেদনকারী ও নিশ্চয়তাকারী কর্তৃক ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল।</p>
৮	সেবাপ্রাপ্তির জন্য খরচ	২০০০/- (দুই হাজার চারশত টাকা)
৯	সেবাপ্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা	৬ বার
১০	সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালার তালিকা	ক্ষুদ্র ঋণ কার্যনির্দেশিকা
১১	সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা, পদবি, ইমেইল ও ফোন	উপপরিচালক সংশ্লিষ্ট জেলা
১২	সেবা প্রাপ্তি/ প্রদানের ক্ষেত্রে অসুবিধা/ সমস্যা / চ্যালেঞ্জসমূহ	<p>১) যুবঋণের জন্য দুইবার আবেদন করতে হয়।</p> <p>২) ঋণের মূল আবেদন ফরমটি দীর্ঘ ও জটিল।</p> <p>৩) ঋণ প্রক্রিয়া শেষ করতে দীর্ঘ সময় প্রয়োজন হয়।</p> <p>৪) সেবা প্রত্যাশিকে ছয় বার অফিসে যাতায়াত করতে হয়।</p>
১৩	অন্যান্য	

২৬


ঘ) বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	সাদা কাগজে আবেদন	১ দিন	আবেদনকারি
ধাপ-২	পত্রপ্রাপ্তি স্বীকার/ ডাকফাইলে সংরক্ষণ	১ দিন	অফিস সহকারি
ধাপ-৩	প্রকল্প পরিদর্শন ও প্রতিবেদন প্রদানের জন্য সি এস কে নির্দেশনা	১ দিন	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ধাপ-৪	প্রকল্প পরিদর্শন ও প্রতিবেদন দাখিল	৫	সি এস
ধাপ-৫	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক অনুমোদন বা পুনরায় পরিদর্শন	৩	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ধাপ-৬	মূল আবেদন ফরমে আবেদন	১	আবেদনকারি
ধাপ-৭	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রস্তাব ঋণ কমিটিতে প্রেরণ	২	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ধাপ-৮	ঋণ কমিটির সভা আহ্বান	৩	১. সভাপতি ২. সদস্য সচিব ৩. অফিস সহকারি
ধাপ-৯	কমিটি কর্তৃক ঋণ অনুমোদন	১	উপজেলা ও জেলা ঋণ কমিটি
ধাপ-১০	অনুমোদিত ঋণের ৫% অগ্রিম সঞ্চয় গ্রহণ করে ঋণের চেক তিরণ	৫(ঋণ কমিটির অনুমোদন উপজেলায় পৌছানোসহ)	১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ২. সি এস ৩. অফিস সহকারি

২৫

৩) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)

প্রসেস ম্যাপঃ যুব ঋণ (একক)




২) বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরিভিত্তিক প্রস্তাবনা:

ক্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন	১) যুবস্বর্ণের জন্য প্রাথমিক আবেদন (সাদা কাগজে আবেদন) ও মূল ফরমে আবেদন করতে হয়। অর্থাৎ দুইবার আবেদন করতে হয়। ২) আবেদন ফরমটি দীর্ঘ ও জটিল	১) আবেদনকারী দুইবারের পরিবর্তে একবার আবেদন করবে। ২) আবেদন ফরমটি যথাসম্ভব সংক্ষিপ্ত ও সহজ করা হচ্ছে।
২। দাখিলীয় কাগজপত্রাদি	আবেদনকারীর ও নিশ্চয়তাকারীর ছবি , সাধারণ নিশ্চয়তাকারীর ক্ষেত্রে স্থাবর সম্পত্তির দলিল,পর্চা, হালনাগাদ খাজনা রশিদ এবং সরকার কর্তৃক প্রচলিত ননজুডিশিয়াল স্ট্যাম্প	আবেদনকারীর ছবি কপির পরিবর্তে দুই কপি নেওয়া হবে।
৩। সেবার ধাপ	১০টি	সেবার ধাপ প্রযোজ্য ক্ষেত্রে কমিয়ে ৮টি করা হবে।
৪। সম্পূর্ণ জনবল	১৪ জন	সম্পূর্ণ জনবলের সংখ্যা কমানো হবে।
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঞ্চে সম্পূর্ণ ব্যক্তির সংখ্যা ও পদবি	উপপরিচালকের সভাপতিত্বে ৭ সদস্যবিশিষ্ট জেলা ঋণ কমিটি, উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে ১০ সদস্য বিশিষ্ট উপজেলা ঋণ কমিটি ও উপপরিচালকের সভাপতিত্বে ১০ সদস্য বিশিষ্ট মেট্রোপলিটন ইউনিট থানা ঋণ কমিটি	পরিবর্তনের প্রয়োজন নেই
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	ঋণ কমিটিতে প্রাণিসম্পদ, মৎস্য, সমাজসেবা, পল্লী উন্নয়ন, মহিলা বিষয়ক, ব্যাংক ও থানার কর্মকর্তা সদস্য এবং উপজেলা ঋণ কমিটির সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তা	আপাততঃ পরিবর্তনের প্রয়োজন নেই
৭। আইন/বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি	সহজিকরণের জন্য সরকারি আদেশ জারীর মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা হবে।	নীতিমালা পরিবের্তনের প্রয়োজন হলে যথাসময়ে সংশোধন করা হবে।
৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি	প্রযুক্তির প্রয়োগ করতে হলে প্রত্যেকটি অফিসে ২টি করে কম্পিউটার এবং অনলাইন কানেকটিভিটির প্রয়োজন হবে।	কম্পিউটার এবং অনলাইন কানেকটিভিটির ব্যবস্থাকরণ।
৯। রেকর্ড/তথ্য সংরক্ষণ	ঋণের সংশ্লিষ্ট কাগজপত্র দীর্ঘদিন সংরক্ষণ করতে হয়।	ঋণ পরিশোধের পর সংশ্লিষ্ট কাগজপত্র বিনষ্ট করা যায়
১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না	প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য	কম্পিউটার এবং অনলাইন কানেকটিভিটির ব্যবস্থাকরণ।
১১। খরচ (নাগরিক+অফিস)	নাগরিক ২০০০/- ও অফিস ৪০০/-	নাগরিক ১৪০০/- ও অফিস ৪০০/-
১২। সময় (নাগরিক+অফিস)	২২ দিন	১৪ দিন
১৩। যাতায়াত (নাগরিক)	৬ বার	৩বার
১৪। অন্যান্য		

২৬

প্রসেস ম্যাপঃ যুব ঋণ (একক)



১. প্রতিষ্ঠানিক ঋণের ক্ষেত্রে জেলা ঋণ কমিটিতে সভাপতি উপপরিচালক এবং
২. অপ্রতিষ্ঠানিক ঋণের ক্ষেত্রে উপজেলা ঋণ কমিটিতে সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তা






জ) তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	সাদা কাগজে আবেদন		প্রয়োজন নেই
ধাপ-২	প্রাপ্তি স্বীকার ও কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ		প্রয়োজন নেই
ধাপ-৩	প্রকল্প পরিদর্শন ও প্রতিবেদন দাখিলের জন্য CS কে নির্দেশনা	ধাপ-১	মূল আবেদন
ধাপ-৪	প্রকল্প পরিদর্শন ও প্রতিবেদন দাখিল	ধাপ-২	প্রকল্প পরিদর্শন ও প্রতিবেদন দাখিলের জন্য CS কে নির্দেশনা
ধাপ-৫	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক অনুমোদন বা পুনরায় পরিদর্শন	ধাপ-৩	সি এস কর্তৃক প্রকল্প পরিদর্শন ও প্রতিবেদন দাখিল
ধাপ-৬	মূল আবেদন ফরমে আবেদন	ধাপ-৪	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক অনুমোদন বা পুনরায় পরিদর্শন
ধাপ-৭	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রস্তাব ঋণ কমিটিতে প্রেরণ	ধাপ-৫	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক ঋণ কমিটিতে প্রস্তাব প্রেরণ
ধাপ-৮	ঋণ কমিটির সভা আহ্বান	ধাপ-৬	ঋণ কমিটির সভা আহ্বান
ধাপ-৯	কমিটি কর্তৃক ঋণ অনুমোদন	ধাপ-৭	কমিটি কর্তৃক ঋণ অনুমোদন
ধাপ-১০	আবেদনকারীকে চেক প্রদান	ধাপ-৮	আবেদনকারীকে চেক প্রদান

৩। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘণ্টা)	২২দিন	১৪ দিন
খরচ (নাগরিক ও অফিসের)	নাগরিক ২০০০/- ও অফিস ৪০০/-	নাগরিক ১৪০০/- ও অফিস ৪০০/-
যাতায়াত	৬ বার	৩ বার
ধাপ	১০ টি	৮ টি
জনবল	১৪ জন	১২ জন
দাখিলীয় কাগজপত্র	আবেদনকারীর ছবি ৩ কপি ও নিশ্চয়তাকারীর ছবি ২ কপি, সাধারণ নিশ্চয়তাকারীর ক্ষেত্রে স্বাবর সম্পত্তির মূল দলিল, পর্চা , হালনাগাদ খাজনা রশিদ/ চাকুরিজীবী নিশ্চয়তাকারীর ঘোষণাপত্র , নাগরিকত্ব সনদ/ এন আইডি/ জন্মনিবন্ধন সনদের কপি, সরকার কর্তৃক প্রচলিত ননজুডিশিয়াল স্ট্যাম্প	আবেদনকারীর ছবি ২ কপি ও নিশ্চয়তাকারীর ছবি ২ কপি, সাধারণ নিশ্চয়তাকারীর ক্ষেত্রে স্বাবর সম্পত্তির মূল দলিল, পর্চা , হালনাগাদ খাজনা রশিদ/ চাকুরিজীবী নিশ্চয়তাকারীর ঘোষণাপত্র , নাগরিকত্ব সনদ/ এন আইডি/ জন্মনিবন্ধন সনদের কপি, সরকার কর্তৃক প্রচলিত ননজুডিশিয়াল স্ট্যাম্প

লেখচিত্র:



২৮

ক) বাস্তবায়নের অভিজ্ঞতার আনুপূর্বিক বিবরণঃ

যুব উন্নয়ন অধিদপ্তর সূচনালগ্ন হতেই দেশের অনগ্রসর ও পশ্চাদপদ কর্মপ্রত্যাশী যুবদেরকে সংগঠিত করে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ প্রদান করে দক্ষ মানব সম্পদে রূপান্তরের কাজে নিয়োজিত রয়েছে। দেশের মোট জনসংখ্যার মধ্যে কর্মক্ষম যুব জনগোষ্ঠীর পরিমাণ প্রায় ৪.৮০ লক্ষ। বিশাল এই যুব জনগোষ্ঠি দেশ ও জাতির অপরিমেয় প্রাণশক্তি। বিশাল একর্মপ্রত্যাশী যুব জনগোষ্ঠীকে বিভিন্ন ধরনের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানবসম্পদে রূপান্তর এবং আত্মকর্মসংস্থানে নিয়োজিতকরণই যুব উন্নয়ন অধিদপ্তরের মূল লক্ষ্য। যুব উন্নয়ন অধিদপ্তর প্রতিষ্ঠার পর হতে দেশের কর্মপ্রত্যাশী যুবদের আত্মকর্ম সংস্থানে নিয়োজিতকরণের লক্ষ্যে স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান করে ঋণ সুবিধা প্রদান করেছে। বর্তমানে ঋণ প্রদানের প্রক্রিয়াটি একটু সময়সাপেক্ষ। তাই ঋণ সেবাকে সহজিকরণের জন্য চিহ্নিত করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২৮-১১-২০১৮ খ্রি. তারিখে আয়োজিত সভায় প্রদত্ত নির্দেশনা থেকে এবিষয়ে প্রাথমিক ধারণা গ্রহণ করা হয়। এসভার নির্দেশনা মোতাবেক অধিদপ্তরের সেবা সহজিকরণের জন্য একটি টিম গঠন করা হয়। এরপর ২১-২৩ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত কল্লবাজারে অনুষ্ঠিত কর্মশালায় এবিষয়ে অধিদপ্তরের ৩জন কর্মকর্তা অংশগ্রহণ করে সহজিকরণের একটি প্রাথমিক ধারণাপত্র এটুআই এবং মন্ত্রিপরিষদ বিভাগের সহযোগিতায় প্রস্তুত করে দাখিল করে এবং অধিদপ্তরে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা পেশ করে। এ উপস্থাপনার প্রেক্ষিতে এসপিএস টিমের সভা করে ঋণ সেবাকে সহজিকরণের জন্য চিহ্নিত করা হয়। এসেবা সহজিকরণের জন্য ঋণ প্রদানের প্রক্রিয়াগত সময় কমিয়ে আনার সুপারিশ গৃহীত হয়। ঋণের আবেদন ফরমটি সংক্ষিপ্ত করণের প্রক্রিয়া গৃহীত হয়েছে। পরবর্তিতে সভা করে সহজিকরণের বিষয়টি চূড়ান্ত করা হয়। মহাপরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণ সহজিকৃত সেবাটির বাস্তবায়ন শুরু করা হয়। সহজিকরণের মাধ্যমে সেবাটি চেয়ে দ্রুত ও কম খরচে জনগণের নিকট পৌঁছানো সম্ভব হচ্ছে।

খ) বাস্তবায়নের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (২০১৯ সাল)

কার্যক্রম	এপ্রিল	মে	জুন	জুলাই	আগস্ট	সেপ্টে	অক্টোবর
পাইলট (প্রযোজ্য ক্ষেত্রে) শুরু ও সমাপ্তি	৩০						
মন্ত্রিপরিষদ বিভাগে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণের তারিখসমূহ			৩০				
পুরো অধিক্ষেত্রে বাস্তবায়ন শুরুর তারিখ				জুলাই ২০১৯			
পুরো অধিক্ষেত্রে বাস্তবায়ন মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ							অক্টোবর ২০১৯

গ) বাস্তবায়নের জন্য ব্যয়িত অর্থের পরিমাণঃ

দাপ্তরিক নিয়মিত বরাদ্দের সাথে সমন্বয় করে কার্যক্রম সম্পাদন করা হবে।

ঘ) বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহঃ

- ১) দীর্ঘ দিনের প্রচলিত সিস্টেম পরিবর্তন করে নতুন বিষয় চালু করা।
- ২) প্রতিনিয়ত মাঠপর্যায়ের বিভিন্ন বিষয়ে নানা রকম জিজ্ঞাসার সম্মুখীন হওয়া।
- ৩) নতুন সিস্টেম চালুর লক্ষ্যে মাঠপর্যায়ে নিবিড় তদারকী করা।
- ৪) নতুন সিস্টেম অনুযায়ী পরিবর্তিত কাগজপত্র ছাপনো।
- ৬) চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত ব্যবস্থাদিঃ
 - ১) সভা/ওয়ার্কশপের মাধ্যমে এবিষয়টি বাস্তবায়নের সিদ্ধান্ত নিশ্চিত করা।
 - ২) অধিদপ্তরের ওয়েবসাইটে এবং মাঠপর্যায়ে নির্দেশনা প্রদান।
 - ৩) বাস্তবায়ন টিম কর্তৃক মাঠপর্যায়ে তদারকী বৃদ্ধি।
- চ) সরকারি আদেশ জারির তারিখঃ এপ্রিল ২০১৯ এর মধ্যে।
- ছ) প্রচারে গৃহীত ব্যবস্থাদিঃ চিঠিপত্র জারী, অধিদপ্তরের ওয়েবসাইটে ও যুব বার্তায় প্রকাশ।
- ঝ) অভিজ্ঞতালব্ধ শিক্ষণঃ বিদ্যমান অবস্থার চেয়ে দ্রুত ও কম খরচে জনগণের নিকট ঋণ সেবা পৌঁছানো সম্ভব।

এ) সেবা সহজিকরণ কার্যক্রমের ছবি ও ভিডিও (লিংক)



২১-২৩ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সেবা সহজিকরণ বিষয়ক কর্মশালায় মাননীয় প্রধান অতিথি, সচিব- মন্ত্রিপরিষদ বিভাগ

উক্ত কর্মশালায় যুব উন্নয়ন অধিদপ্তরের ৩জন কর্মকর্তা অংশগ্রহণ করেন











২১-২৩ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সেবা সহজিকরণ বিষয়ক কর্মশালায় মাননীয় বিশেষ অতিথি, যুগ্ম-সচিব মন্ত্রিপরিষদ বিভাগ

উক্ত কর্মশালায় যুব উন্নয়ন অধিদপ্তরের ৩জন কর্মকর্তা অংশগ্রহণ করেন

২৬

ট) বাস্তবায়ন টিম : নাম, পদবি, ছবিঃ

ক্রমিক	নাম	পদবি	ছবি
১	আ, ন, আহম্মদ আলী	মহাপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর	
২	মোঃ এরশাদ উর রশীদ	পরিচালক(দারিদ্র্য বিমোচন ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর	
৩	মাসুদা আকন্দ	উপপরিচালক(প্রশিক্ষণ-১) যুব উন্নয়ন অধিদপ্তর	
৪	মোঃ হামিদুর রহমান	উপপরিচালক(দারিদ্র্য বিমোচন ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর	
৫	ফরহাত নূর	উপপরিচালক(প্রশিক্ষণ-২) যুব উন্নয়ন অধিদপ্তর	
৬	সৈয়দ আব্দুল কাইয়ুম	উপপরিচালক (পরিকল্পনা) যুব উন্নয়ন অধিদপ্তর	
৭	খন্দকার রওনাকুল ইসলাম	সহকারি পরিচালক(প্রশিক্ষণ-১) যুব উন্নয়ন অধিদপ্তর	
৮	মরিয়ম আক্তার	সহকারি পরিচালক(প্রশাসন-১) যুব উন্নয়ন অধিদপ্তর	
৯	মোহাম্মদ আবুল বাশার	সহকারি পরিচালক(পরিকল্পনা) যুব উন্নয়ন অধিদপ্তর	

ঠ) টেকসইকরণে গৃহীত ব্যবস্থাাদিঃ পরিদর্শনের মাধ্যমে বাস্তবায়ন নিশ্চিত করা।

